



'Pedagogical Challenges' শীর্ষক ট্রেনিং অনুষ্ঠিত



১৭ জানুয়ারি ২০২৪-বুধবার IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে কেন্দ্রীয় মিলনায়তনে 'Pedagogical Challenges' শীর্ষক ট্রেনিং অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. সাদেকা হালিম বলেন, “ট্রেনিং এর মূল উদ্দেশ্য হচ্ছে কর্মদক্ষতা বৃদ্ধি ও স্বাবলম্বী হওয়া। যেকোনো গবেষণার জন্য একটা ভালো প্রপোজাল তৈরি করা খুবই গুরুত্বপূর্ণ আর গবেষণায় যে যতো পারদর্শী কর্মক্ষেত্রে সে বেশি এগিয়ে যাবে।”

IQAC, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পরিচালক অধ্যাপক ড. আইন-উল হুদার সভাপতিত্বে ট্রেনিং-এ বিশেষ অতিথি হিসেবে ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী।

এসময় স্বাগত বক্তব্য প্রদান করেন IQAC এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ সরোয়ার আলম এবং মডারেটর হিসেবে ছিলেন IQAC এর অতিরিক্ত পরিচালক ড. মোঃ রফিকুল ইসলাম।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



ট্রেনিং এর টেকনিক্যাল সেশনে 'Pedagogical Challenges' শীর্ষক উপস্থাপনা করেন রসায়ন বিভাগ, কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোহাম্মদ সাইদুর রহমান। আজকের ট্রেনিং-এ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, আইইআর এবং আইএমএল-এর সহকারী অধ্যাপক ও প্রভাষকবৃন্দ অংশগ্রহণ করেন।